# গানের খাতা

জলের গান

# আমাদের কথা

–জলের গান

শৈশবে আমাদের সবারই ছিলো বাংলা খাতা, ইংরেজী খাতা কিংবা অংকখাতা। যার পাতায় আমরা কাঁপা কাঁপা হাতে লিখতে শিখি অ-আ-ক-খ; আর চার দাগের ইংরেজী খাতায় A-B-C-D। শৈশব-কৈশোরের সেই সোনাঝরা দিনের অনুষঙ্গ-কে সঙ্গী করেই জলের গান প্রকাশ করছে– 'গানের খাতা'। স্বপ্ন ; কাঁপা কাঁপা হাতে নিজের যন্ত্র বাজিয়ে কোন এক নতুন প্রাণ- আনমনে গাইবে জলের গান। কয়েকজন মিলে হয়তো গানের চলন আর কর্ড নিয়ে তর্ক জুড়বে। হঠাৎ একদিন একলা রাতের নিঃসঙ্গতায় কেউ একজন বলে উঠবে–

: আহা! এটা তো ভূল কর্ড! এখানে 'G' এর বদলে 'Bmin'- টা ভালো যায়...

অপেক্ষায় থাকলাম- কেউ একদিন গানের খাতার ভূলগুলো শুধরে দিবে বলে। আবার, জলের গানের কোন অনুরাগী হয়তো 'গানের খাতা'-টি সযত্নে তুলে রাখবে তার বাক্সে। স্মারক হিসেবে তুলে দিবে নতুন দিনের গায়ক বন্ধুটির হাতে। যে একদিন গলা ছেড়ে গাইবে– আপন গান। অপেক্ষায় রইলাম সেই নয়া গায়কের জন্য; আমরা সেদিন দর্শকসারিতে বসে হাততালি আর শিস্‌ বাজিয়ে চিৎকার করবো-

: ঐ পাগলা... বুকখালি করা আরেকটা গান ধর... মনপাখিটা উড়াল দিবো...

এইসব আবোল তাবোল স্বপ্ন মাথায় নিয়েই "অতল জলের গান" আর "পাতালপুরের গান"- এ্যালবামের সবগুলো গানের কথা– কর্ডসহ এক মলাটে বন্দী করে নাম দিলাম "গানের খাতা"। আনন্দ ছন্দে বাজুক বাংলা গান- নাম না জানা গানের পাখি বাসা বাঁধুক বাংলা অক্ষরে। ভালো থাকুক বাংলার ফুল-পাখি আর নদী। সুখে থাকুক জলজ প্রাণ।

# অতল জলের গান-১

| | কথা | সুর |
|---|---|---|
| ১. পাতার গান | কনক/ রাহুল | রাহুল আনন্দ |
| ২. দূরে থাকা মেঘ | শাওন আকন্দ | রাহুল আনন্দ |
| ৩. বৃষ্টির গান | শাওন আকন্দ | রাহুল আনন্দ |
| ৪. কাগজের নৌকা | শাওন আকন্দ | রাহুল আনন্দ |
| ৫. বকুল ফুল | কুড়ানো গান | কুড়ানো সুর |
| ৬. আয়না | রাহুল আনন্দ | রাহুল আনন্দ |
| ৭. ঝরাপাতার গান | রাহুল আনন্দ | রাহুল আনন্দ |
| ৮. উড়ছি কেনো? | শাওন আকন্দ | রাহুল আনন্দ |
| ৯. রঙের গান | কনক আদিত্য | কনক আদিত্য |
| ১০. এমন যদি হতো | শাওন/রাহুল | রাহুল আনন্দ |
| ১১. বাউলা বাতাস-১ | শাওন আকন্দ | রাহুল আনন্দ |

# পাতার গান

কথা: কনক / রাহুল

সুর: রাহুল আনন্দ

D
আমি একটা পাতার ছবি আঁকি–
Bm A
পাতাটা গাছ হয়ে যায়।
Bm
মাথা ভরা সবুজ কচি পাতায়
D
গাছটাকে ছাতা মনে হয়।

D Em
আরিরে আরি রাং
F#m D Bm D
ছুরিরে আরি ছুরি বাং।

D
আমি একটা ফুলের ছবি আঁকি–
Bm A
ভ্রমর উড়ে আসে তায়।
Bm
ফুলে বসে ভ্রমর–

D D
ফুলের মধু চুষে খায়।
D Em
আরিরে আরি রাং
F#m D Bm D
ছুরিরে আরি ছুরি বাং।

D
আমি ঝড় আঁকতে পারিনা

তবু ঝড় বয়ে যায়...
Bm A A D
আমার উঠানে আমার আঙিনায়।

D
হতভম্ব আঁটিস্যম্যান কিছুই বোঝেনা!
হতভম্ব আঁটিস্যম্যান কিছুই জানেনা!
D
হতভম্ব আঁটিস্যম্যান আঁকতে পারেনা !
D Em
আরিরে আরি রাং
F#m D Bm D
ছুরিরে আরি ছুরি বাং।

# দূরে থাকা মেঘ

কথা: শাওন আকন্দ  
সুর: রাহুল আনন্দ

D G A D  
দূরে থাকা মেঘ তুই– দূরে দূরে থাক  
D G A D  
যতটুকু পারা যায় সামলিয়ে রাখ।

D G A D  
মন মন সে তো– পাল ছেড়া তরী,  
D A D  
যতদূরই যাক সে সবটুকু তোরই।  
D G D A  
সবটুকু কতটুকু একরত্তির–  
D G D  
সবকথা শেষ হলে এক সত্যির।  
D G A D  
মুখোমুখি হতে হয় নির্ঘুম রাতে,  
D G A D  
তুমি আমি সব্বাই সকলের হাতে।  
D G A D  
তারপরও ওরে মেঘ – দূরে দূরে থাক  
D G A D  
ফাগুনের হাওয়া এলে সামলিয়ে রাখ।

D G A D  
মন মন সে তো– কত কথা বলে,  
D A D  
তার কথা শুনে কেউ– ঝাঁপ দেয় জলে।  
D G D A  
উড়ে এসে জুড়ে বসে– এক সুখ পাখি  
D G D  
সুখ পাখি গান গায়–কেউ শোনো তা কি  
D G A D  
কার গান কোন গান– তুমি কিছু জানো?  
D G A D  
জানো যদি তবে কেন এত কাছে টানো?  
A A# A F#m D#D  
তারপরও ওরে মেঘ – দূরে দূরে থাক  
A A# A F#m D#D  
ফাগুনের হাওয়া এলে সামলিয়ে রাখ।  
A A# A F#m D#D  
শ্রাবনের হাওয়া এলে সামলিয়ে রাখ।  
A A# A F#m D#D  
দূরে থাকা মেঘ তুই– দূরে দূরে থাক  
A A# A F#m D#D  
উড়ে উড়ে উড়ে উড়ে দূরে দূরে থাক  
A A# A F#m D#D  
উড়ে উড়ে উড়ে উড়ে দূরে দূরে দূরে দূরে.....

# বৃষ্টির গান

কথা: শাওন আকন্দ

সুর: রাহুল আনন্দ

D G A

বৃষ্টি পড়ে টাপুর টুপুর– নদে এলো বান,

A7 Bm D

বানের জলে ভাসলো–পুকুর ভাসলো আমার গান।

D Bm A

বন্ধু আইসোরে...

A Bm D

কোলেতে বসতে দেবো– মুখে দেবো পান।

D Bm

ইষ্টি-কুটুম বৃষ্টি এলো– সৃষ্টি হলো সুর,

A F#m

ভালোবাসায় ভাসলো খেয়া— ঐতো পাখিপুর।

D

ইচ্ছে হলে এখন তুমি নাইতে পারো,

D

বৃষ্টিজলে নূপুর পরে গাইতে পারো।

Bm

এখানে সবাই স্বাধীন বাঁধনহারা,

D C D

এখানে সবই নতুন— অন্যরকম অন্যধারা।

D

টিবি ডাব টিবি ডাব টিবি ডিবি ডাব

D G A

বৃষ্টি পড়ে টাপুর টুপুর— নদে এলো বান,

A7 Bm D

বানের জলে ভাসলো পুকুর ভাসলো আমার গান।

D A

বন্ধু আইসোরে...

A Bm D

কোলেতে বসতে দেবো—মুখে দেবো পান।

D

বৃষ্টি পড়ে— টাপুর টুপুর টাপুর টুপুর

D

টিবি ডাব টিবি ডাব টিবি ডিবি ডাব.....

# কাগজের নৌকা

কথা: শাওন আকন্দ    সুর: রাহুল আনন্দ

```
D             F#m
কাগজের নৌকা—কেউ বানিয়েছে তা
G                Bm
চুপ চাপ ভাসিয়েছে জলে।
A                    D
রেলগাড়ি ঝমাঝম, কেউ বেশি কেউ কম—
G      A      D
নিজস্ব কথাটুকু বলে।

D                   Bm
সেই ঘর সেই বাড়ি— দুষ্টুমি বাড়াবাড়ি
A               D
তাঁর কথা কখনো শুনিনি
D                    G
অবাধ্য ছেলেটাকে? স্মৃতি কেনো পিছু ডাকে
F#m      A      D
ভালোবাসা মানেই জননী।

D                   Bm
সন্ধ্যের মুখোমুখি— কার মুখ দেয় উঁকি
A                    D
কার কথা আজো বাজে কানে?
D                              G
কেনো এতো খোঁজাখুঁজি—এতোদিন পরে বুঝি
F#m    A     D
জননী শব্দটার মানে।

D              F#m      Em
পাগলা ঘোড়া ছুটে ছুটে যায়—
D          Bm        D
দিনটা কাটে শুধু ব্যস্ততায়
D                  Bm D
রাতটা কাটে গানে গানে—
D
রাতটা কাটুক গানে গানে.....
```

# বকুল ফুল

কথা: কুড়ানো গান সুর: কুড়ানো সুর

D G D
বকুলফুল বকুলফুল
D A D
সোনা দিয়া হাত কান বান্ধাইলি।
D G
শালুকফুলের লাজ নাই—
A D
রাইতে শালুক ফুটে।
G
যার সনে যার ভালোবাসা—
A D
সেইতো মজা লুটে।

D G
আমার জামাই ধান বায়—
A D
হরিণডাঙার মাঠে।
G
সোনা দেহে ঘাম ঝরে—
A D
দেইখা পরাণ ফাটে।

D G
শাওন ভাদর মাসে—
A D
জামাই আদর করে।
G
ইচ্ছে জামাই করবো আদর—
A D
দানাতো নাই ঘরে।

# আয়না

কথা: রাহুল আনন্দ

সুর: রাহুল আনন্দ

D F#m D F#m

আয়না, আয়না— এখানে তুমি আমি,

D F#m D

প্রথমবার পরিচয়— এবাব কাহিনী।

D

নিঃশূন্য পৃথিবী, একা বসে আঁকি-

D

একলার ছবি।।

D G A

আয় আয় আয় আয় চাঁদ—

Em G D A D

জোছনা আলোয় মাখা- আঁধার কালো রাত।

Em G D A D

জোছনা আলোয় ভেজা- আঁধার কালো রাত।

Em G D A D

চন্দনী আলোয় মাতুক- আঁধার কালো রাত।

*

D G A

আয়না, আয়না— হরেক রঙের বায়না,

Bm A

এটা চাইতো— ওটা চাইনা,

Em A

কোনটা যে ঠিক তাও জানিনা!

G A

মনের ভেতর উড়াল পাখি-

Bm D A----

গান গায় নাকি শুধু কান্না ?

# ঝরাপাতার গান

কথা: রাহুল আনন্দ　　　　সুর: রাহুল আনন্দ

D　　　D7
ও ঝরাপাতা- ও ঝরাপাতাগো
Dm
তোমার সাথে আমার রাত পোহানো কথা গো
Dm　　　G#dim
তোমার সাথে আমার–
Dm
দিন কাটানো কথা...

Dm
হলুদ পাতার বুকে দিলো–
Dm
সবুজ পাতা চুম্।
A#　　　Am
আর... শুকনো পাতা নূপুর পায়ে–
Gm F　　Dm
রুমঝুম... রুমঝুম... রুমঝুম।

D7
একটা পাতার ইচ্ছে হলো–
Dm
আকাশটাকে ছোঁবে,

D　　　Gm
পাখির সাথে মেললো ডানা-
D
সূর্য উঠলো পূবে।
D　　　D#m　　D
আগুনরাঙা সূর্যটার কুসুমরঙা আলোয়,
Dm　D
পাখিটারে পাতার আজকে-
D7
লাগলো ভীষণ ভালো।
Dm
ও ঝরাপাতাগো

D7
পাতায় পাতায় কাব্য গাঁথা-
Dm
পাতায় লেখা গান।
D　　　Gm
শিরায় শিরায় স্বপ্ন আমার,
Gm　　D
ভীষণ অভিমান।
D　　　D#m　　D
কোন ছোবলে স্বপ্ন আমার– হলো সাদাকালো ?
D#m
আমার বসত অন্ধকারে-
D
তোরা থাকিস ভালো।

# উড়ছি কেনো ?

কথা: শাওন আকন্দ                                    সুর: রাহুল আনন্দ

D Bm D F#m

উড়ছি কেন ? কেউ জানেনা !

D Bm

উড়ছি কেন ? কেউ জানেনা !

D F#m

যাচ্ছি কতদূর ?

D G D

আজন্ম এক পাপের বোঝা – কাঙ্খিত ভাংচুর।

F#m

ভালোবাসার মগ্ন চিতায় –

A Em

পুড়ছি বছর কুড়ি। --

D G

তুমি আকাশ আমি যেন –

D

লাটাইবিহীন ঘুড়ি। –

F#m

তোমার ভুবন তোমার মতন –

A Em

যেমন ভোরের আলো।

D G

আমার বসত অন্ধকারে –

D

নিরব নিঝুম কালো।

—

F#m

এমন কপাল ও মন আমার –

A Em

ধূসর নীলের দেশে, –

D G

দিন যাপনের অষ্টপ্রহর –

D

স্বপ্নগুলো ভাসে।

# রঙের গান

কথা: কনক আদিত্য সুর: কনক আদিত্য

```
D                                       A
লিলুয়া বাতাস, নিরাগ পানি, আয়েসি বৈঠার ছুপ।
A         G          A          A      D
শালুক-সাদায় ঘাসফড়িংটা– উড়তে উড়তে চুপ।
D                       A              D
কালো পানকৌড়ি– ভাসতে ভাসতে ডুব॥
```

*

```
D                                              A
ভাসতে ভাসতে সবুজ বিলের কুচলা কালো জলে,
G             A          G           A    D
সাদা ফুলের হলুদ রেণু– মেঘ পাখিদের দলে।
D                        G         D
ধূসর ঘুঘুর সাদা ফোটায় একলা দুপুর কাঁদে,
G              A            G           A    D
ঝলমলিয়ে রোদের ছায়া–পড়লো রঙের ফাঁদে॥
```

*

```
D                                    A
ধানের ক্ষেতে সবুজ বাতাস– ধূসর-কালো কাক
  G               D          A             D
নীল আকাশে দুহাত মেলে – শঙ্খচিলের ডাক।
D          A           D
রংধনু রঙে খলসে-পুটির ঝাঁক॥
```

# এমন যদি হতো

কথা: শাওন / রাহুল সুর: রাহুল ত

D F#m
এমন যদি হতো?
Em Bm
আমি পাখির মতো–
Em A D
উড়ে উড়ে বেড়াই সারাক্ষণ।

*

D Bm
পালাই বহুদূরে–
D Bm
ক্লান্ত ভবঘুরে,
A Bm D
ফিরবো ঘরে– কোথায় এমন ঘর?
D G
বৃক্ষতলে শুয়ে–
G F#m
তোমার দুঃখ ছুঁয়ে
F#m A D
ঘুম আসেনা– ঘুমও স্বার্থপর।

*

D Bm
হঠাৎ ফিরে দেখি–
D Bm
নিজের মুখোমুখি!
A Bm D
শূণ্য, ভীষণ শূণ্য মনে হয়।
D G
কী আর এমন হবে–
G F#m
কে পেয়েছে কবে?
F#m A D
স্বপ্নগুলো স্বপ্ন হয়েই রয়।

*

D Bm A
হতাম যদি–রঙিন প্রজাপতি
G Bm D
ফুলে ফুলে মাতামাতি।
D G A
দিনের আলো কাটে – উড়ে উড়ে
G Bm D
তোমার আমার গানের সুরে।

# বাউলা বাতাস-১

কথা: শাওন আকন্দ

সুর: রাহুল আনন্দ

C Am C
বাউলা বাতাস—আউলা চুলে, লাগলো দোলা
C Am C
গান ধরেছে পথের ধারে আত্মভোলা।
C
সে গানে—সুর থাকেনা— লয় থাকেনা
C
এমন সে গান -
C
তবু সে মন কেড়ে নেয়, প্রাণ কেড়ে নেয়
F Am7
এমন সে টান।
C
বাউলা বাতাস— আউলা চুলে

*

C
পারেনা সবাই হতে বিন্দুধারী,
F C
পুরুষের উৎস জানি শুধুই নারী।
C
দেহ আর দেহের সুরে মনের ভাষা,
F C Am
আপনাকে খুঁজে বেড়াই ভালোবাসায়। হে....
C
বাউলা বাতাস— আউলা চুলে

*

C
নিজেতেই লীন হয়ে— যাই দিন সারাটা,
F C
সাথী সেই সঙ্গিনী আর দোতারাটা।
C
আঁধারে মগ্ন প্রেমে চাঁদের সাথে—
F C
পেয়েছি তোমার দেখা শুক্লারাতে।
C
বাউলা বাতাস— আউলা চুলে

# পাতালপুরের গান-২

| | কথা | সুর |
|---|---|---|
| ১. গীতল চিঠি | রাহুল আনন্দ | রাহুল আনন্দ |
| ২. এক কাপ চা | সঞ্জীবন শিকদার | রাহুল আনন্দ |
| ৩. বাউলা বাতাস-২ | রাহুল আনন্দ | রাহুল আনন্দ |
| ৪. এই পাগল! | রাহুল আনন্দ | রাহুল আনন্দ |
| ৫. ঘুম ভাঙ্গানিয়া গান | রাহুল আনন্দ | রাহুল আনন্দ |
| ৬. পঙ্খীরাজ | ----- | রাহুল আনন্দ |
| ৭. পাখির গান | রাহুল আনন্দ | রাহুল আনন্দ |
| ৮. একাকী আসর | অনিমেষ আইচ | রাহুল আনন্দ |
| ৯. আন্ধার রাইতে... | সঞ্জীবন শিকদার | জগলুল আলম |
| ১০. আর নাই কেউ | জীবনানন্দ দাশ | রাহুল আনন্দ |

# গীতল চিঠি

কথা: রাহুল আনন্দ সুর: রাহুল আনন্দ

ফুলকুমারী,

D Bm
স্বর-ব্যঞ্জনে মালা গেঁথে...

G
বেঁধেছি এ গান।

D Bm
কথার ভাঁজে ঘুমিয়ে আছে -

A G
জমিন ও আসমান।

A D
জমিন ও আসমান।

D G
এই গানটা দিলাম তোকে-

A G
আগলে রাখিস্ বুকে ...

A G A D
হাওয়ায় হাওয়ায় - দমে দমে টান ।।

D G
এই দিনটা দিলাম তোকে -

D A
উদয় থেকে অস্ত...

G D
বন্ধু আমার স্বপ্ন গুলো -

G D
পাহাড় সমান মস্ত।

D A
রাতটা পাগলি তোর -

D Bm
সন্ধ্যা থেকে ভোর...

A G
মিছিমিছি কানামাছি-

D D
অকারণ অভিমান।।

D Bm
... কথার ভাঁজে ঘুমিয়ে আছে -

A G
জমিন ও আসমান।

A D
জমিন ও আসমান।

A G A D
হাওয়ায় হাওয়ায় - দমে দমে টান ।।

D A
গান একটা ভাষা... যেমন,

G A
ছোট্ট পাখির বাসা।

A G
ডানার তলে লুকিয়ে রাখে-

A D
অবাক ভালোবাসা।

D G
গানটা তুই আর আমি-

A G
জানে অন্তর্যামী ...

Bm A
সোনার কাঠি- রূপার কাঠি-

D

মেলাই প্রাণে প্রাণ ।।

D Bm

... কথার ভাঁজে ঘুমিয়ে আছে -

A G

জমিন ও আসমান ।

A D

জমিন ও আসমান ।

A G A D

হাওয়ায় হাওয়ায় - দমে দমে টান ।।

D A

গানটা গীতল চিঠি... যেমন,

G D

নকশী শীতলপাটি ।

A G

ঝরা সময়ে অবুঝ আমি-

A D

সবুজ মাঠে হাঁটি ।

D G

গানের ঘোরে নেশা-

A G

সাপলুডু আর পাশা ...

Bm A

হারি আর জিতি-ভয় নেই !

D A A

খেলবো শেষ দান ।।

D Bm

... কথার ভাঁজে ঘুমিয়ে আছে -

A G

জমিন ও আসমান ।

A D

জমিন ও আসমান ।

A G A D

হাওয়ায় হাওয়ায় - দমে দমে

টান...~*

ইতি,

ফুলকুমার

# এক কাপ চা

কথা: সঞ্জীবন শিকদার　　　　　　　　　　　　　　　　　　সুর: রাহুল আনন্দ

D Bm D
হরেক রঙের বাহারে -
D Bm D
সকাল হল আহারে।
D Bm
চুলার পাড়ে - উড়ছে ধোঁয়া
F#m Em
এক কাপ চা।
Bm F#m A D
শিশির ভেজা দেহটাকে ঢাকছে কুয়াশা... অই হই....
D Bm Em F#m
তাইরে নাইরে নাইরে নাইরে তাইরে নাইরে নাই
Em A F#m D
তাইরে নাইরে নাইরে নাইরে তাইরে নাইরে নাই
D Bm
তাইরে নাইরে নাইরে নাইরে তাইরে নাইরে নাই
Em A Bm A D
তাইরে নাইরে নাইরে নাইরে তাইরে নাইরে নাই
D Em
ভোর হয় কারো পাখির গানে,
D Em A D
ভোর হয় কারো মাঝির টানে.... এ হে হে..
D Bm
ঐ গানে টানে মেলেনা ভাই -
D Bm
নিঠুর এই সংসারে।

# বাউলা বাতাস

কথা: রাহুল আনন্দ সুর: রাহুল আনন্দ

C Em
বাউলা বাতাস- আউলা চুলে,
Dm C
লাগায় দোলা- লাগায় দোলা
C Am Em Dm
ও গাঁয়ে আর যাবোনা মাগো তোমার চরণ
C
ছুঁয়ে কই...

C
নীল নীল প্রজাপতি ওড়ে-
Am Em G Dm C
ওড়ে ওড়ে ওড়ে ওড়ে হে...
C
ছেঁড়া ছেঁড়া সাদা মেঘ ভাসে-
Am Em G Dm C
হাসে ভাসে হাসে ভাসে হে....
C Am
আকাশের পাখি ডাকে আমায়; আয়রে আয়-

Em G
বাতাসে ভর দিয়ে চল্-
C G C
শূন্যে বুক ভাসাই।
C
সবুজ ঘাসফড়িং নাচে-
Am Em G Dm C
তাথৈ তাথৈ তা-ধিন্ তা-ধিন্
C
বৃষ্টির সুরে নূপুর বাজে-
Am Em G Dm C
রিমঝিম রিম ঝিম রিমঝিম।
C Am
রাতটিপ চাঁদ ডাকে আমায়; আয়রে আয়-
Dm Am
উড়াল দে! চুম্ খাই তোর সাদা কপালে।
C Am Em Dm
ও গাঁয়ে আর যাবোনা- মাগো তোমার চরণ
C
ছুঁয়ে কই।

# এই পাগল

কথা: রাহুল আনন্দ　　　　সুর: রাহুল আনন্দ

D A
তোমার জন্য আকাশ ভরা তারা-
D G
আমায় না হয় খোঁপার ফুলটি দিও।
D G Em
বাউল মনের আকুল করা সুরে-
A G D
এই পাগলের ভালোবাসা টুকু নিও ...~*
D Bm
তোমার মেঠো পথের বাঁকে,
D Bm D
নয়ন সুখে ঘাট-ছড়ানো ঝরাফুল।
D G
আমি বিনিসুতায় গাঁথি মালা-
A D
হোক আরেকটি ভুল ॥
D G A D
রঙ্গিলা বাতাসে উড়াও- মেঘে উত্তরীয়...
D G A
লীলুয়া বাতাসে উড়াও- দীঘল উত্তরীয় ...
A G D
এই পাগলের ভালোবাসা টুকু নিও ...~*
D A
প্রিয়তমা, ওগো প্রিয়
A G D
এই পাগলের ভালোবাসা টুকু নিও ...~*

# ঘুমভাঙানিয়া গান

কথা: রাহুল আনন্দ　　　　　　　　　　　　　　　　　　সুর: রাহুল আনন্দ

Dm G A
ফুলেতে ভ্রমরা ছিল –
Dm G Dm7
মধুকূপে ডুব পাড়িল।
G Am7
সেই লাল ফুলের পাঁপড়িগুলা–
Dm Em Dm7
সবুজ পোকা বসে খায়...!
Dm G Dm
নদীর কিনারায়... বসে বসে ভাবি....
G Em Dm F
নদীর কিনারায়...
Dm
মাগো ঘুমপাড়ানিয়া–
Dm G Dm Dm7
ঘুমপাড়ানিয়া গান আর গাইয়োনা....
D Dm G Dm7
ঘুমের ঘোরে স্বপ্ন আসে মাগো!
D G Dm7
স্বপ্নজুড়ে দৈত্য হাসে মাগো।
D Dm G Dm7
ঘুমের ঘোরে স্বপ্ন আসে মাগো!
D G Dm7
স্বপ্নজুড়ে দৈত্য ভাসে মাগো.....

D Dm A Dm7
ঘুম আমার চোখে আসেনা।
Dm
ঘুমপাড়ানিয়া –
Dm G Dm Dm7
ঘুমপাড়ানিয়া গান আর গাইয়োনা...
মাগো....

# পাখির গান

কথা: রাহুল আনন্দ　　　　　　　　　　　　　　　　　　সুর: রাহুল আনন্দ

| | |
|---|---|
| D Bm G D | G D G |
| সুয়া যাও যাওরে যাওরে তেপান্তর।। | কাল রঙের গড়ন পাখির সাদা রঙে ছাওয়া।। |
| G D | G D G |
| মাটির ঘরে বসত পাখির মাটিতে ঘর করে।। | নিজ দেশে নয় বৈদেশে রঙ্গিলা নাও বাওয়া।। |
| G D7 D | D Bm D Bm D Bm G |
| ধরতে গেলে সুয়া পাখি শূন্যে উড়াল মারে | সুয়া যায়, সুয়া যায়, সুয়া যাও যাওরে যাওরে |
| D Bm G D | D |
| শুয়া যাও যাওরে যাওরে তেপান্তর।। | তেপান্তর।। |

| | |
|---|---|
| G D G | G D |
| বনে বনে ওরে পাখি মনে পড়ে ছায়া।। | মাটির ঘরে বসত পাখির মাটিতে ঘর করে।। |
| G D G | G D |
| কোনবা দেশে কোনবা বেশে পড়ে রবে কায়া।। | ধরতে গেলে সুয়া পাখি শূন্যে উড়াল মারে |
| D Bm D Bm D Bm G | D G D |
| সুয়া যায়, সুয়া যায়, সুয়া যাও যাওরে যাওরে | শুয়া যাও যাওরে যাওরে তেপান্তর।।। |
| D | |
| তেপান্তর।। | |

# একাকী আসর

কথা: অনিমেষ আইচ

সুর: রাহুল আনন্দ

Dm G# dim
ঘরের ভেতর ঘর–
Dm G G# A
একাকী আসর
Dm G# dim
কথা–গান–সুর;
Dm G G# A
গল্প প্রচুর–
Dm F
বানাই আমি আমার জন্যে ||
Dm
আমি রাজা–আমি প্রজা;
G# dim Dm
দোষী মনকে দেইযে সাজা–
Dm
বানাই আমি আমার জন্যে ||

Dm
ছোট্ট দুঃখ– ছোট্ট সুখ
Dm
ছোট ছোট মনের অসুখ–
Dm
বানাই আমি আমার জন্যে ||

Dm
কেউ ভেবোনা– ভাবনাগুলো
Dm
তোমায় দিয়ে যাব–
Dm
মনের কথা–শূণ্য জালে
F Dm
শিকলে আটকাবো!
Dm F
বানাই আমি আমার জন্যে ||
কার জন্যে... আমার জন্যে ||

# আন্ধার রাইতে

কথা: সঞ্জীবন শিকদার                                   সুর: জগলুল আলম

```
D                    Bm
আন্ধার রাইতে চান্দের আলো
     G-F#m-D
দেখলাম না নজরে।
     D          Bm
এমন ধারার জনম আমার
  G-F#m-D
মানুষ হইয়ারে।
       D       F#m
হইতাম যদি পঙ্খী তবে
    G       D
উড়াল দিতামরে,
    D               F#m
ডালে ডালে বানতাম বাসা
G        D
দেখতাম জগৎরে।
      D          F#m
ভাটা গাঙ্গে জোয়ার বিনে
     G      D
নাও ভাসাইতামরে,
      D        F#m
জনম গেল তবুও জোয়ার
      G      D
দেখলাম না নজরে।
```

# আর নাই কেউ

কথা: জীবনানন্দ দাশ সুর: রাহুল আনন্দ

```
                G6 Dm      Em
কেউ যাহা জানে নাই কোন এক বাণী-
     E  Am
আমি বহে আনি;
 Am                           E
একদিন শুনিছ যে সুর-ফুরায়েছে পুরনো তা-
                   Am
কোনো এক নতুন কিছুর আছে প্রয়োজন,
Am          E       Dm       F       E
তাই আমি আসিয়াছি, আমার মতন আর নাই কেউ!
Am  Am7 Dm Am
সৃষ্টির সিন্ধুর বুকে আমি এক ঢেউ
F            Am                    E   Am
আমার পায়ের শব্দ শুনো- সব হারনো- আর পুরনো-
      Am              E
আমি আসিয়াছি নেমে - সকলের পায়ের শব্দের
Am              E
সুর গেছে অন্ধকারে থেমে;
Am             E   Dm    E     F      E
তাই আমি আসয্যাছি আমার মতন- আর নাই কেউ-
Am   Am7  C
সৃষ্টির সিন্ধুর বুকে
Am      E
আমি এক ঢেউ...
F       E
আর নাই কেউ-
```